প্রধান শিক্ষকের বাণী।



মোঃ মাজেদুর রহমান
প্রধান শিক্ষক

শিক্ষার হাত ধরেই যুগে যুগে দেশে দেশে মানব সভ্যতার উন্নয়ন ও বিকাশ সাধিত হয়েছে। যে দেশের জনগণ যত বেশী শিক্ষিত, সে দেশ ততো বেশী উন্নত ও সভ্য। শিক্ষার মাধ্যমে মানুষ তার চিন্তা, চেতনা, ধ্যান, ধারণা, আচার আচরণ ও মননশীলতার পরিবর্তনের মাধ্যমে জীব বৈশিষ্টের পরিবর্তন ঘটিয়ে মানবীয় গুনাবলীতে সমৃদ্ধ হয়। শিক্ষা অর্জনের মাধ্যমে মানুষ অজানা কে জানতে পারে, অচেনা কে চিনতে পারে। শিক্ষায় মানুষের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটে। শিক্ষার মাধ্যমে মানুষ মহাকাশ জয় করেছে, পদচিহ্ন রেখেছে গ্রহ থেকে গ্রহান্তরে, মহাসমুদ্র পারি দিয়ে এক মহাদেশ থেকে অন্য মহাদেশে মানুষের কর্ম পরিধি বিস্তৃত করেছে। মানুষ দূর কে করেছে নিকট, পর কে করেছে আপন। সাগরের গভীর তলদেশ থেকে আর ভূগর্ভস্থ ক্ষণি থেকে আহরণ করেছে মহামূল্যবান সম্পদ। শুধু তাই নয়, জ্ঞান সাধনায় মানুষ মহান স্রষ্টার সান্নিদ্ধ লাভ করতে সমর্থ হয়েছে। মহান সৃষ্টিকর্তা আল্লাহ-তা’লা জ্ঞানার্জনের উপর সর্বাধিক গুরুত্ব প্রদান করেছেন। মানব জাতীর প্রতি আল্লাহ পাকের প্রথম আদেশ “পড়” বা “পাঠ কর”। মহান আল্লাহ-তা’লা প্রত্যেক নর-নারীর জন্য জ্ঞানার্জন কে ফরজ (অবশ্য পালনীয়) ঘোষণা করেছেন। শিক্ষা অর্জন করার প্রতি সর্বাধিক গুরুত্ব আরোপ করে আল্লাহর নবী সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব হযরত মুহাম্মাদ (সঃ) বলেছেন, ”জ্ঞান অর্জনের জন্য সুদূর চীন দেশে যেতে হলেও, যাও”। আমরা মানবজাতী আল্লাহ ও তাঁর রাসুল (সঃ) এর অমূল্য বাণী যত দ্রুত এবং যত বেশী অনুধাবন করতে পারবো, আমাদের জন্য ততোই মঙ্গল।